কালের কণ্ঠ

তারিখ 06 AUG 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

### তনুর মায়ের আক্ষেপ

# কলেজে পরীক্ষার ফল পেলেও মামলা তদন্তের ফল আসেনি

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ▷

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের নিহত ছাত্রী সোহাগী জাহান তনুর অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এ বিষয়টি উল্লেখ করে তনুর মা আনোয়ারা বেগম দুঃখ প্রকাশ করে বলেছেন, 'তনুর পরীক্ষার ফল চলে এলেও তনু হত্যা মামলার তদন্তের ফল চার মাস ১৫ দিনেও আসেনি। এ নিয়ে মামলার তদন্ত কর্মকর্তাও কোনো কথা বলছেন না। তাহলে তনু হত্যা মামলাও কি তনুর সঙ্গে সঙ্গে দাফন হয়ে গেছে?'

আনোয়ারা বেগম বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গত বৃহস্পতিবার কুমিল্লা ভিক্টোয়িরা কলেজের ইতিহাস বিভাগের অনার্স প্রথম বর্ষের ফল প্রকাশিত হয়েছে। এতে তনু দুই দশমিক ৮৩ নম্বর পেয়ে দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ হয়েছেন। তিনি বলেন, 'পরীক্ষার ফল প্রকাশিত হলেও তনু হত্যা মামলার তদন্তের কোনো ফল আমরা পেলাম না।' গতকাল শুক্রবার তিনি কালের কণ্ঠকে এ সব কথা বলেন।

প্রসঙ্গত, গত ২০ মার্চ কুমিল্লা সেনানিবাসে সোহাগী জাহান তনুর লাশ পাওয়া যায়। ২১ মার্চ তাঁর বাবা এয়ার হোসেন বাদী হয়ে একটি হত্যা মামলা করেন। এ নিয়ে দেশব্যাপী তুমুল আন্দোলন হলেও হত্যা মামলাটির তদন্তের নূন্যতম অগ্রগতি হয়নি। শুধু তনুর কাপড়ে তিন পুরুষের বীর্যের উপস্থিতি পাওয়া ছাড়া।